


প্রকাশ : ২৫ জানুয়ারি, ২০১৭ ১৫:৪২
আপডেট : ২৫ জানুয়ারি, ২০১৭ ১৫:৪৪

অনলাইন
ভার্সন

Share
প্রিন্ট করুন 

ফেব্রুয়ারির মধ্যে পশ্চিম শেওড়াপাড়া দখলমুক্ত করার ঘোষণা

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

আগামী ফেব্রুয়ারি মাসের মধ্যে রাজধানীর পশ্চিম শেওড়াপাড়ার পীরবাগ সড়ক দখলমুক্ত করা হবে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের(ডিএনসিসি) মেয়র আনিসুল হক।

বুধবার রাজধানীর পশ্চিম শেওড়াপাড়ার পীরের বাগ সড়কটি দখলমুক্ত করতে উচ্ছেদ অভিযান শুরু করেছে রাজউক। এ কাজে সহযোগিতা করেছে ঢাকা উত্তর সিটি করপোরেশন। দুপুরের উচ্ছেদ অভিযান পরিদর্শনে এসে এ ঘোষণা দেন সিটি মেয়র।

আনিসুল হক আরও বলেন, ৩০ বছর ধরে এসব সড়কগুলো স্থানীয় নেতারা প্রভাব খাঁটিয়ে দখল করে রেখেছেন। রাজউকের এবাবের অভিযানে অবৈধ স্থাপনাগুলো দখল মুক্ত করা হবে।

মেয়র বলেন, অবৈধ স্থাপনায় রাস্তা কোথাও কোথাও পাঁচ ফুট, কোথাও ১০ ফুট হয়ে আছে। তিনি বলেন, দখলমুক্ত করে সড়কটি ৩০ ফুটের সড়ক করা হবে।

বিডি-প্রতিদিন/২৫ জানুয়ারি, ২০১৬/মাহবুব